

## পুলিশ

কামরুন নাহার

alorkona@yahoo.com

তুমি রক্তের হোলি খেলতে ক্রসফায়ারের গল্প ফেঁদে  
অস্ট্রেলিয়ার ব্ল্যাক পুলিশের ইতিহাস ফিরিয়ে এনেছ,  
বুলেটের আতশবাজিতে  
দিনকে রাত, রাতকে দিন আঙুলের চুটকিতে করেছ।

বিচারকের এজলাসের প্রহসনের কাঠগড়ায়  
শুধু মানুষের কণ্ঠস্বরে মিথ্যে শপথ চলতে পারে,  
বিক্রিত বিজাতীয় প্রাণী  
সেই কাঠগড়ায় দাঁড়ালে তামাশা গোপন থাকে কি করে?

পুলিশ! তুমি ভূমি-আশ্রিত হস্তপুষ্ট শিকড় রেখে  
আগাছার মাথা ছেঁটে ফেলে আহা কি ভালোই না করেছ,  
খেলুড়ে গডফাদার দল  
ঝকঝকে পরিষ্কার মাঠে ছুড়বে রাজনীতির বল।

---

### টীকা:

**ব্ল্যাক পুলিশ:** ১৮৪২ সালে ঔপনিবেশিক সরকার অস্ট্রেলিয়ার একটি অঞ্চলে আদিবাসীদের একটি বাহিনী চালু করে। নাম ছিল ব্ল্যাক পুলিশ। এই বাহিনী সাদা ঔপনিবেশিক সরকারের প্রতিরক্ষার জন্য সৃষ্টি করা হয়। দুঃখজনক হলেও সত্য যে, এরা স্বজাতির বিরুদ্ধে ব্যবহৃত হয়েছিল। বিদ্রোহ দমন করার জন্য এরা বিভিন্ন ধর্মীয় ও সামাজিক অনুষ্ঠান থেকে আদিবাসীদের ধরে নিয়ে যেতো এবং কখনো কখনো মেরে ফেলত।